



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ
cooperative.kishoreganj.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.৪৮০০.০০০.৯৯.৪৮৫.২২.৭৯০

৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৭ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: আলোর পথে ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন বাতিল প্রসংগে।

সূত্র: উপজেলা সমবায় অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ তার কার্যালয়ের স্মারক নং-১৭২, তারিখ- ০৩/১০/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলোর পথে ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-২৪, তারিখ-১০/০৮/২০১৫খ্রি. গ্রামঃ ঘোনাপাড়া ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ, এর কার্যক্রম দীর্ঘদিন যাবত বন্ধ থাকায় সমিতিটি অকার্যকর বিধায় উপজেলা সমবায় অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ তার কার্যালয়ের স্মারক নং-১৭২, তারিখ- ০৩/১০/২০২২খ্রি. মূলে অত্র সমিতির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করায় অত্র কার্যালয়ের স্মারক নং-১৯৬৪/১(২), তারিখ- ১৭/১০/২০২২ খ্রি. মূলে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল, কিন্তু আপনি অদ্যাবধি এর কোন জবাব/ব্যাখ্যা অত্র কার্যালয়ে দাখিল করেন নাই।

এমতাবস্থায় বর্ণিত কারণে সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) ও (চ) ধারা মোতাবেক সমিতিটির নিবন্ধন বাতিলযোগ্য বিধায় এতদ্বারা উল্লেখিত সমিতিটির নিবন্ধন বাতিল করা হলো।

১৭-০৪-২০২৩

উস্মে মরিয়ম

জেলা সমবায় কর্মকর্তা

০৯৪১-৬১৭৩২

dco.kishoreganj@coop.gov.bd

জনাব, কাঞ্চন মিয়া সভাপতি, আলোর পথে ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, গ্রামঃ ঘোনাপাড়া
ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬১.৪৮০০.০০০.৯৯.৪৮৫.২২.৭৯০/১ (১)

৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৭ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। উপজেলা সমবায় কার্যালয়, করিমগঞ্জ তাকে পত্র প্রাপ্তি নিশ্চিত করার জন্য বলা হল।



১৭-০৪-২০২৩

উস্মে মরিয়ম

জেলা সমবায় কর্মকর্তা